# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/WC/UGIIP-III/ তারিখঃ ০১/০৬/২০২০ইং

নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার ৩ নং ওয়ার্ড কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাইতেছে যে আগামী ০১/০৬/২০২০ ইং তারিখ রোজ সেমবার সময় বিকাল ০৪:০০ ঘটিকার সময় কাউন্সিলর সাহেবের বৈঠক খানায় ৩ নং ওয়ার্ড কমিটির সভা অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দকে স্বাস্থ্য বিধি মেনে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য বিষয়সমূহঃ-
১) বিগত সভার কার্যবিবরনী পাঠ ও বিতরন।
২) করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি প্রসেঙ্গ আলোচনা।
৩) ৩নং ওয়ার্ডে বস্তির উন্নয়ন মূলক কাজের অগ্রগতি প্রসেঙ্গ আলোচনা।
৪) বিবিধ;

০১/০৬/২০২০ইং
(মোঃ কামাল হোসেন সরদার)
৩নং ওয়ার্ড কাউন্সিলর
ও
সভাপতি
৩ নং ওয়ার্ড কমিটির
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

প্রাপক ঃ জনাব-------------------------------

-------------------------------

সদস্য/ সদস্য-সচিব
৩ নং ওয়ার্ড কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা , কোটালীপাড়া , গোপালগঞ্জ।
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা ,গোপালগঞ্জ।
৩। নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৪। সংশিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।
ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭
E-mail: mayor_kotali.poura@yahoo.com

তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প (UGIIP-III)

৩ নং ওয়ার্ড কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখ ঃ ০২/০৬/২০২০ইং সময় ঃ বিকাল ০৪.০০ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটির পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ কামাল হোসেন সরদার | কাউন্সিলর ৩ নং ওয়ার্ড কোটালীপাড়া পৌরসভা | সভাপতি | ০১৭১১ ১৪৩৭৯৫ | 02/6/2020 |
| ০২ | জনাব রুবিয়া বেগম | কাউন্সিলর সংরক্ষিত-০১ কোটালীপাড়া পৌরসভা | সহসভাপতি | ০১৭৭১ ২২০২৯৩ | রুবিয়া ০২/০৬/২০২০ইং |
| ০৩ | জনাব হাবিবুর রহমান | নাগরিক সমাজের প্রতিনিধি | সদস্য | | হাবিবুর রহমান ০২/০৬/২০২০ইং |
| ০৪ | জনাব রেক্সোনা বেগম | নাগরিক সমাজের প্রতিনিধি | সদস্য | | রেক্সোনা বেগম ০২/০৬/২০২০ইং |
| ০৫ | জনাব জাকির হোসেন | পেশাজীবি প্রতিনিধি | সদস্য | | জাকির ০২/০৬/২০২০ইং |
| ০৬ | জানব সারমিন জাহান মুন্নি | পেশাজীবি প্রতিনিধি | সদস্য | | সারমিন মুন্নি ০২/০৬/২০২০ইং |
| ০৭ | জনাব মো: আয়ুব আলী | নগর দরিদ্র প্রতিনিধি | সদস্য | | আয়ুব আলী ০২/০৬/২০২০ইং |
| ০৮ | জানাব সুফিয়া বেগম | নগর দরিদ্র প্রতিনিধি | সদস্য | | সুফিয়া ০২/০৬/২০২০ইং |
| ০৯ | জনাব সমির খলিফা | নগর দরিদ্র প্রতিনিধি | সদস্য | | সমির ০২/০৬/২০২০ইং |
| ১০ | জনাব মাজাহারুল ইসলাম | উপ-সহঃ প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা। | সদস্য -সচিব | ০১৭১১ ৯৩৯৮৩২ | Majahar |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

৩ নং ওয়ার্ড কমিটি (WC) এর সভা

তারিখঃ ০১/০৬/২০২০ ইং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ADB এবং OFID - এর সহায়তাপুষ্ট তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প (UGIIP-3) এর আওতায় কোটালীপাড়া পৌরসভার ওয়ার্ড কমিটি WC এর সভার কার্যক্রম জনাব মোঃ কামাল হোসেন সরদার ৩নং ওয়ার্ড কাউন্সিলর এর সভাপতিত্বে কাউন্সিলর সাহেবের বৈঠক খানায় ০১/০৬/২০২০ ইং তারিখে বিকাল ০৪:০০ ঘটিকার সময় শুরু হয় ।

আলোচ্য বিষয়সমূহঃ-
১) বিগত সভার কার্যবিবরনী পাঠ ও বিতরন।
২) কোভিড-১৯ করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি প্রসেঙ্গ আলোচনা।
৩) ৩নং ওয়ার্ডে বস্তি উন্নয়ন মূলক কাজের অগ্রগতি প্রসেঙ্গ আলোচনা।
৪) বিবিধ;

(মোঃ কামাল হোসেন সরদার)
সভাপতি
৩নং ওয়ার্ড কমিটি
ও
৩ নং ওয়ার্ড কাউন্সিলর
কোটালীপাড়া পৌরসভা ।

WC কমিটির সদস্যদের নাম

০১। জনাব রুবিয়া বেগম, সহ-সভাপতি

০২। জনাব হাবিবুর রহমান, সদস্য

০৩। জনাব রেক্সোনা বেগম, সদস্য

০৪। জনাব জাকির হোসেন, সদস্য

০৫। জনাব সারমিন জাহান মুন্নি, সদস্য

০৬। জনাব মো: আয়ুব আলী , সদস্য

০৭। জানাব সুফিয়া বেগম, সদস্য

০৮। জনাব সমির খলিফা, সদস্য

০৯। জনাব মাজাহারুল ইসলাম, সদস্য -সচিব ।

কার্যবিবরণী

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব ও সময় |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরনী পাঠ ও বিতরন। | অদ্য ২৪/০২/২০২০ইং বিকাল ০৪:০০ ঘটিকার সময় বাংলাদেশ সরকার, ADB এবং OFID - এর সহায়তাপুষ্ট UGIIP-3 এর আওতায় কোটালীপাড়া পৌরসভার ০৩নং ওয়ার্ড কমিটি (WC) এর সভা জনাব মোঃ কামাল হোসেন সরদার, ৩ নং ওয়ার্ড কাউন্সিলর এর সভাপতিত্বে শুরু হয় এরপর বিগত সভার কার্যবিবরনী পাঠ ও বিতরন করা হয়। | | সচিব |
| ০২ | কোভিড-১৯ করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি প্রসেঙ্গ আলোচনা। | WC সম্মানিত সভাপতি মোঃ কামাল হোসেন সরদার বলেন- বর্তমানে বিশ্বে নভেল করোনা ভাইরাস মহামারি আকার ধারণ করেছে। বিশ্বের ১৫০টিরও অধিক দেশে প্রভাব বিস্তার করেছে। সেই সূত্রে আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশেও এই ভাইরাসের বিস্তার ঘটেছে। অত্যন্ত দুঃখের সাথে বলতে হচ্ছে যে- দেশে আক্রান্তের সংখ্যা ১ লক্ষ ছাড়িয়ে এবং মৃত্যুর সংখ্যা ১ হাজার করেছে। তবে সস্তির কথা করোনা আক্রান্ত রোগী সুস্থ্য হয়েছেন ৫০ হাজারের বেশি। সকলের সম্মিলিত প্রচেষ্টায় এই মহামারী থেকে পরিত্রাণ পাওয়া সম্ভব। আর এ জন্য চাই সকলের সচেতনতা।<br>এ প্রসঙ্গে WC'র সম্মানিত সদস্য জানাব সুফিয়া বেগম আরো বলেন- নভেল করোনা ভাইরাস নিয়ে অযথা আতঙ্কিত না হয়ে, এই করোনা ভাইরাস কি ভাবে ছড়ায় তা জানা জরুরী- * হাঁচি-কাশির ফলে, বাতাসের মাধ্যমে, *আক্রান্ত ব্যক্তিকে স্পর্শ করলে, * করোনা ভাইরাস আছে এমন কিছু স্পর্শ করে হাত না ধুয়ে মুখে, নাকে বা চোখে স্পর্শ করলে, * পয়:নিষ্কাশন ব্যবস্থার মাধ্যমে ইত্যাতি। পাশাপশি করোনা ভাইরাসের লক্ষন যেমন - মাথাব্যথা, শুষ্ক কাশি, গলা ব্যথা, পেশীতে ব্যথা, শ্বস কষ্ট, জ্বার ও ক্লান্তি বোধ দেখা দিয়ে বাড়ীর নিকটবর্তী যেকোন হাসপাতালে যত দ্রুত সম্ভব যেতে হবে। প্রয়োজনে হট লাইন নম্বর ০১৯২৭৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫ এ যোগাযোগ করতে হবে। এই মহামারী করোনা ভাইরাসেন লক্ষন দেখা দিলে অবশ্যই সকলের থেকে নিজেকে আলাদা রাখতে হবে।<br>করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধের বিষয়ে গুরুত্ব দিয়ে WC'র সম্মানিত সদস্য জনাব সমির খলিফা বলেন- * জরুরী চিকিৎসা সেবা দরকার না হলে ঘরেই থাকুন, * বাড়িতে অন্যদের থেকে নিজেকে আলাদা রাখুন, নিজের ব্যবহার্য জিনিসপত্র আলাদা করে রাখুন, একটু পর পর ২০ সেকেন্ড ধরে সাবান বা জীবানুনাশক দিয়ে হাত ধুয়ে ফেলুন, * হাঁচি-কাশি দেওয়ার সময় রুমাল বা টিস্যু দিয়ে মুখ ঢেকে রাখুন, * সবসময় মাস্ক ব্যবহার করুন, * আপনার স্বাস্থ্য উপসর্গ নিয়মিত পর্যবেক্ষণ করুন, * যে কোন প্রাণী থেকে নিজেকে দূরে রাখুন, * ডাক্তারের কাছে যাওয়ার আগে তাকে জানিয়ে যান।<br>* যতবেশী পারেন আপনার কণ্ঠনালীকে আদ্র করে রাখুন, কোন অবস্থাতেই শুষ্ক হতে দেয়া যাবে না। * কাজেই তৃষ্ণা পেলেই পানি পান করুন। কণ্ঠনালী যদি শুষ্ক থাকে তবে মাত্র দশ মিনিটেই আপনি এই ভাইরাসে আক্রান্ত হতে পারেন। *৫০ থেকে ৮০ সিসি হালকা গরম পানি পান করুন আর ছোটদের জন্য ৫০ সিসির মধ্যে। *যখনই আপনি মনে করছেন আপনার কণ্ঠনালী শুষ্ক হয়ে আসছে অপেক্ষা না করে দ্রুত পানি পান করুন। * সবসময় হাতের কাছে বিশুদ্ধ পানি রাখুন। * একবারে প্রচুর পানি পান করে লাভ নেই, বরং অল্প অল্প বিরতিতে অল্প অল্প পান করে কণ্ঠনালীকে সব সময় ভিজিয়ে রাখুন। * জনাকীর্ণ জায়গা থেকে দূরে থাকুন। * ট্রেন, বাস এবং যে কোন পাবলিক ট্রান্সপোর্টেশানে মাস্ক পরুন। * ভাজাপোড়া এড়িয়ে চলুন। * যে সব খাবারে প্রচুর ভিটামিন | সংশ্লিষ্ট ৩নং ওয়ার্ডে কোটালীপাড়া পৌরসভার সম্মানীত মেয়র মহোদয়ের সার্বিক তত্ত্বাবধায়নে করোনা ভাইরাস প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং পরিস্থিতি বিবেচনায় আগামীতে প্রয়োজন অনুযায়ী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/ নির্বাহী প্রকৌশলী |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব ও সময় |
|---|---|---|---|---|
| | | সি আসে সেই খাবারগুলো বেশী করে খান।<br>আসলে এভাবেই আমরা করোনা ভাইরাস থেকে দূরে থাকতে পারি। সকলকে ধন্যবাদ। | | |
| ০৩ | ৩ নং ওয়ার্ডের বস্তির উন্নয়ন মূলক কাজ বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা। | WC 'র সম্মানিত সহ-সভাপতি জনাব রুবিয়া বেগম বলেন- কোটালীপাড়া পৌরসভাধীন ৩ নং ওয়ার্ডে অবস্থিত শিমুল বাড়ি বস্তিতে রাস্তা (ফুটপাত) নির্মান, পাকা ড্রেইন নির্মাণ, স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন নির্মাণ, হস্তচালিত নলকূপ/গভীর নলকূপ স্থাপন, ডাষ্টবিন নির্মাণ, রাস্তার (সোলার) সড়কবাতি স্থাপন ভৌত কাজ এসআইসির মাধ্যমে বাস্তবায়ন কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে চলমান রয়েছে। ইতিমধ্যে ৭৬.০০ মিটার রাস্তা (ফুটপাত) নির্মান কাজ সম্পন্ন করা হয়েছে এবং হস্তচালিত নলকূপ/গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান। প্রতিটি কাজের গুনগতমান অনেক ভালো। | ৩ নং ওয়ার্ডের বস্তির বিভিন্ন উন্নয়ন মূলক কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/ নির্বাহী প্রকৌশলী/ বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ০৪ | বিবিধ | বিবিধে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন। | | |

(মোঃ কামাল হোসেন সরদার)
সভাপতি
৩নং ওয়ার্ড কমিটি
ও
৩ নং ওয়ার্ড কাউন্সিলর
কোটালীপাড়া পৌরসভা ।